

**AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin**

Date: 28.09.2024

Time: 7.35 A.M

বিশেষ বিশেষ খবর -

১) রোগী মৃত্যুকে কেন্দ্র করে সাগর দন্ত হাসপাতালে গত সন্ধ্যায় তুমুল উভেজনা দেখা যায়। গাফিলতির অভিযোগ তুলে রোগীর পরিবার চিকিৎসকদের ওপর চড়াও হলে ধাক্কা-ধাক্কিতে আহত হন দুই স্বাস্থ্য কর্মী ও এক পুলিশ কর্মী।

এই ঘটনার পর হাসপাতালে নিরাপত্তার অভাবের অভিযোগ তুলে কর্ম বিরতি শুরু করেছেন সাগর দন্তের জুনিয়ার চিকিৎসকেরা।

২) আর জি কর কান্ডে ন্যায় বিচারের দাবিতে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের ডাকা গন কনভেনশনে আগামী দোশরা অক্টোবর মহালয়ার দিন ধর্মতলায় মহা সমাবেশ আয়োজনের সিদ্ধান্ত হয়েছে।

৩) আর জি কর কান্ডের পটভূমিকায় সিনেমা তৈরির জন্য দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে প্রাণ্তিক চক্রবর্তী এবং রাজন্য হালদার কে সাসপেন্ড করেছে ত্রুটি কংগ্রেস ছাত্র পরিষদ।

৪) জলপাইগুড়ির টাকিরমারি চর এলাকায় মিলন পল্লীতে ইলেক্ট্রিক শক লেগে একই পরিবারের ৪ জনের মৃত্যু।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা, দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৫) রানি রাসমণির আবীর্ভাব দিবস উপলক্ষে আজ থেকে পয়লা অক্টোবর পর্যন্ত বিশেষ শ্রদ্ধার্ঘ নিবেদন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

৬) আই এস এল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়েন্ট বেঙ্গালুরু এফ সি-র মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রোগী মৃত্যুকে কেন্দ্র করে উত্তর ২৪ পরগনার কামারহাটির সাগর দত্ত হাসপাতালে গত সন্ধিয়ায় তীব্র উত্তেজনা দেখা দেয়। চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলে রোগীর- পরিজনরা চিকিৎসকদের ওপরে চরাও হয়। ধাক্কাধাকিতে আহত হন ২ স্বাস্থ্য কর্মী ও এক পুলিশ কর্মী ও।

এই ঘটনার পরে হাসপাতালে নিরাপত্তার অভাবের অভিযোগ তুলে কর্মবিরতির ডাক দিয়েছেন সাগর দত্ত মেডিক্যালের জুনিয়র ডাক্তারেরা।

তাঁদের অভিযোগ রোগীর পরিবার মহিলা জুনিয়র চিকিৎসকদেরও শারীরিক হেনস্থা করেছে। আরেকটা আরজিকর করে দেওয়া হবে বলে হৃষ্মকি দেওয়া হয়। এই ঘটনার ফলে নিরাপত্তার অভাব বোধ করছেন সাগর দত্তের জুনিয়র ডাক্তাররা। তাই তাঁদের কর্মবিরতির এই সিদ্ধান্ত।

সাগর দত্ত হাসপাতালের জুনিয়র চিকিৎসক ডক্টর মনোজ মুখোপাধ্যায়, জানান, তাঁরা কর্মবিরতি শুরু করছেন। WBJDF এর সমর্থন তাঁদের উপর আছে।

বাইট

এদিকে ঘটনার প্রেক্ষিতে ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টর্স ফ্রন্টের আট জন প্রতিনিধি গতরাতেই সাগর দত্ত হাসপাতালে যান। ডাক্তার কিনজল নন্দ, ডাক্তার দেবাশিষ হালদার সহ WBJDF এর ওই প্রতিনিধিদলের সদস্যরা সাগর দত্তের চিকিৎসকদের সঙ্গে বৈঠক করেন।

পরে কিঞ্জল সাংবাদিকদের বলেন, অন্যান্য মেডিকেল কলেজেও কর্ম বিরতি হবে কিনা তা প্রত্যেকটি মেডিকেল কলেজের চিকিৎসকরা প্যান জিবি বৈঠকের পর সিদ্ধান্ত নেবেন।

বাইট

উল্লেখ্য, বছর ৩৬ এর রঞ্জনা সাউকে শ্বাসকষ্টের সমস্যা নিয়ে গতকাল সাগর দত্ত হাসপাতালে নিয়ে আসেন আগুয়ায়রা। কিন্তু তারপর থেকে তার কোন রকম চিকিৎসা হয়নি বলে অভিযোগ। ফলে মৃত্যু হয় তাঁদের রোগীর। তাঁর যখন অবস্থা আশঙ্কাজনক হয়ে ওঠে সেই সময় স্বাস্থ্যকর্মী অক্সিজেন দেওয়ার চেষ্টা করে কিন্তু তা সফল হয়নি।

হাসপাতালের স্বাস্থ্য কর্মীদের অভিযোগ, মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই রোগীর পরিবার-পরিজনেরা চড়াও হন চিকিৎসকদের উপর। শুরু হয় ধাক্কাধাকি। ঘটনা সামাল দেওয়া চেষ্টা করেন হাসপাতালে থাকা পুলিশকর্মীরা। আহত হন এক পুলিশ কর্মী ও ২ স্বাস্থ্য কর্মী।

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডে ন্যায় বিচারের দাবিতে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের ঢাকা গন কনভেনশনে আগামী দোসরা অক্টোবর মহালয়ার দিন ধর্মতলায় মহা সমাবেশ আয়োজনের সিদ্ধান্ত হয়েছে। তার আগে হবে এক মহা মিছিল। বেলা ১-টা থেকে এই কর্মসূচী শুরু করা হবে বলে WBJDF-এর তরফে ডাক্তার দেবাশিষ হালদার গতকাল এস এস কে এম অডিটোরিয়ামে ওই গন কনভেনশনে জানিয়েছেন। বিচারহীনতার ৫০ দিন অতিক্রান্ত হওয়ার পরেও ন্যায় বিচার না পাওয়া পর্যন্ত তাদের আন্দোলন চলবে বলেও ডাক্তার অনিকেত মাহাতো জানিয়েছেন।

এদিকে সোমবার ৩০ শে সেপ্টেম্বর সুপ্রিম কোর্টে আর জি কর মামলার শুনানির আগে ২৯-শে সেপ্টেম্বর অর্থাৎ আগামীকাল গ্রহণ করা হচ্ছে আরও এক কর্মসূচী - পাড়ায় থাকছি এক সাথে, উৎসবে নয়, প্রতিবাদে। ওই দিন বিচারের দাবিতে রাজপথ থেকে ওলি-গলিতে প্রতিবাদে সামিল হওয়ার জন্য সাধারণ মানুষকে আর্জি জানিয়েছেন জুনিয়ার চিকিৎসকেরা।

আরজি করে নির্যাতিতার প্রতীকী মূর্তি রাখা হবে বলে জুনিয়র ডাক্তারদের গণ কনভেনশনে প্রস্তাব দেওয়া হয়। নির্যাতিতার প্রতীক হিসাবে যন্ত্রণাদীর্ঘ নারীমূর্তি রাখা হবে হাসপাতাল চতুরে। ২ অক্টোবর ওই মূর্তি রাখা হতে পারে।

কনভেনশনে অন্যদের মধ্যে সমাজকর্মী মীরাতুন নাহার, বোলান গঙ্গোপাধ্যায়, মীর, কৌশিক বন্দ্যোপাধ্যায় প্রমুখ বক্তব্য রাখেন।

উল্লেখ্য, ধনধান্য অডিটোরিয়ামে এই কনভেনশন আয়োজনের অনুমতি বাতিল হয়ে যাওয়ার পর এস এস কে এম অডিটোরিয়ামে তা আয়োজন করা হয়। আগামীদিনে আন্দোলন কোন পথে এগোবে, বা পরবর্তী কর্মসূচী কি হবে, তা নিয়ে এই কনভেনশনে আলোচনা হয়। মুখ্য সচিবের সঙ্গে বৈঠকে রাজ্য সরকারের পক্ষ থেকে যে প্রতিশ্রূতি দেওয়া হয়েছিল, তা পূরণ করার বিষয়টি খতিয়ে দেখা হয়েছে। তবে, উৎসবে যোগ দিতে তারা অনিচ্ছুক বলে স্পষ্ট জানিয়েছে WBJDF।

০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্দের পটভূমিকায় সিনেমা তৈরির জন্য দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে প্রান্তিক চক্ৰবৰ্তী এবং রাজন্যা হালদার কে সাসপেন্ড করেছে তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদ। ছাত্র পরিষদের পক্ষ থেকে গতরাতে এক বিবৃতিতে একথা জানানো হয়। রাজন্যা অবশ্য জানিয়েছেন, দলের সিদ্ধান্তকে তিনি চূড়ান্ত বলে মনে করছেন। তবে, এরপরেও তাদের ছবিতে কোনৱেকম পরিবর্তন হবে না। স্বল্প দৈর্ঘ্যের এই ছবিটি মহালয়ার দিন মুক্তি পাওয়ার পর সকলেই বুঝতে পারবেন কোন উদ্দেশ্য নিয়ে তা করা হয়েছে।

উল্লেখ্য, আগমণী তিলোত্মাদের গল্প শীর্ষক ওই ছবিটি মহালয়ার দিন মুক্তি পাওয়ার কথা। এর মুখ্য চরিত্রে অভিনয় করেছে রাজন্যা। প্রযোজক তাঁর বন্ধু টিএমসিপি নেতা প্রান্তিক চক্ৰবৰ্তী। এই খবর প্রকাশ্যে আসতেই রাজনৈতিক মহলে ব্যাপক সরগোল পড়ে যায়। তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ স্পষ্ট জানান এর সঙ্গে তাদের দলের কোন সম্পর্ক নেই।

০০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়ি গজলডোবায় টাকিমারির এক নম্বর গ্রাম পঞ্চায়েতের মিলনপঞ্জী এলাকায় বিদ্যুৎস্পষ্ট হয়ে একই পরিবারের চারজনের মৃত্যুর ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। টাকিমারির বাসিন্দা পরেশ দাশের বাড়িতে গত সন্ধ্যায় এই দুর্ঘটনা ঘটে। পারিবারিক সূত্রে জানা গেছে, তারা গরু গোয়ালে ঢোকানোর সময় দেওয়ালে ইলেক্ট্রিকের তার লেগে ছিল, সেটা খেয়াল করেনি কেউ। প্রথমে গরুটি পরে, গৃহকর্তা পরেশবাবু বিদ্যুৎস্পষ্ট হন, তাঁকে বাঁচাতে গিয়ে বড় ছেলে মিঠুন, স্ত্রী দিপালী ও ২ বছরের ভাঙ্গে সুরুত ঘটনাস্থলেই প্রান হারান।

বিদ্যুৎ দফতরের অভিযোগ চাষের জমিতে হাতির উপদ্রব ঠেকাতে ওই পরিবার বিদ্যুৎ চুরি করে ফেঙ্গিং দেওয়ার কাজ করতো। সেই কাজেই ব্যবহৃত তামার তার ছিঁড়ে পড়েই এই দুর্ঘটনা ঘটে। মর্মান্তিক এই দুর্ঘটনা জানাজানি হতেই এলাকায় বিদ্যুৎ সংযোগ কটে দেয় দফতর। পুলিশ এসে চারটি দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠায়।

০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার নামখানার মৌসুনিতে মিড-ডে মিলের খাবারে মরা টিকটিকি দেখা গেলে আতংক ছড়ায়। খাওয়ার সময় এক পড়ুয়ার থালাতে তা লক্ষ্য করা যায়। এই ঘটনার পর পরেই অসুস্থ হয়ে পড়ে অসংখ্য পড়ুয়া। পেটে ব্যাথা, বমির উপসর্গ নিয়ে চার পড়ুয়াকে ভর্তি করা

হয়েছে ব্লক হাসপাতালে। বাকিদের শারীরিক পরীক্ষা নিরীক্ষার জন্য রাতেই স্থানীয় হাসপাতালে মেডিক্যাল টিম পৌঁছল। আতঙ্ক দূর করতে রাতেই এলাকায় মাইকিং করা হল। মিড-ডে মিল খাওয়া পড়ুয়াদের স্থানীয় হাসপাতালে নিয়ে আসার পরামর্শ দেওয়া হয়। ব্লক প্রশাসন, পুলিশ ও ব্লক মেডিক্যাল অফিসার পুরো ঘটনার ওপর সর্বদা নজর রাখছে।

উল্লেখ্য, গতকাল দুপুরে স্থানীয় মৌসুনি কোঅপারেটিভ হাইস্কুলে মিড-ডে মিল খাওয়ানো হচ্ছিল। সেইসময় এক পড়ুয়ার থালায় খাবারের সঙ্গে মরা টিকটিকি দেখতে পাওয়া যায়। ওই পড়ুয়া ভারপ্রাপ্ত শিক্ষককে বিষয়টি জানায়। স্কুল কর্তৃপক্ষ তৎক্ষণাত মিড-ডে মিল খাওয়া বন্ধ করে দেয়। কিন্তু তৎক্ষণে প্রায় ৫০ জন পড়ুয়া মিড-ডে মিল খেয়েছিল। মিড-ডে মিলে মরা টিকটিকি পড়ার কথা স্বীকার করে নেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক।

00000000000000000000

নদিয়ার কৃষ্ণনগরের ভালুকায় গতকাল সুসংহত শিশু বিকাশ সেবা কেন্দ্রে পুষ্টি মাস উদয়াপন হয়। গর্ভবতী মহিলা, মা ও শিশুর স্বাস্থ্য সম্বন্ধে সচেতনতা বৃদ্ধি করতে সেপ্টেম্বর মাসজুড়ে চলে এই পুষ্টি মাস উদয়াপন। এই উপলক্ষে একটি পদ্যাত্মার আয়োজন করা হয়। দুপুরে অন্নপ্রাশন ও সাধারণ অনুষ্ঠান হয়। সুষম খাদ্যের গুরুত্ব, স্বাস্থ্যকর জীবন ধাপন ও রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য কি কি উপায় অবলম্বন করা উচিত তা নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পাশাপাশি মা ও গর্ভবতী মহিলাদের স্তন্য পানের গুরুত্ব ও রোগ প্রতিরোধক টিকাকরণ নিয়ে সচেতন করা হয়।

00000000000000000000

ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন ফিল্ড অফিস মেদিনীপুরের পক্ষ থেকে গতকাল হাওড়ার জুলিয়েন ডে স্কুলে "স্বচ্ছতাই সেবা" অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানের শুরুতে মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন ফিল্ড পাবলিসিটি অফিসার সুনীল বিশ্বাস, সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন, তথ্য সম্প্রচার মন্ত্রক, মেদিনীপুর জুলিয়েন ডে স্কুলের অধ্যক্ষ মেরিয়ান থর্প স্মিথ প্রমুখ। এদিন হাওড়া, কলকাতার বিভিন্ন বিদ্যালয়ের প্রায় 60 জন ছাত্রছাত্রী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

00000000000000000000

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিষ্টাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৪ তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট, ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে তৃতীয় NDA সরকারের প্রথম একশ দিন নিয়ে আকাশবাণী কোলকাতার সংবাদ বিভাগ আজ রাত সাড়ে নটায় একটি বিশেষ আলোচনা সম্প্রচার করবে। এতে অংশ নিয়েছেন রাষ্ট্রবিজ্ঞানী সুব্রত হোর এবং সাংবাদিক জয়ন্ত বসু। সঞ্চালনায় শক্তির মুখোপাধ্যায়।

অনুষ্ঠানটি শোনা যাবে আকাশবাণী কোলকাতার গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গে এবং DTH প্রচার তরঙ্গে।

০০০০০০০০০০০০০০০০০০০

উনিশ শতকের বাংলার নবজাগরণের অন্যতম উজ্জ্বল নক্ষত্র লোকমাতা রানী রাসমণির ২৩২ তম আবির্ভাব উপলক্ষে আজ থেকে মঙ্গলবার পয়লা অক্টোবর পর্যন্ত বিশেষ শ্রদ্ধার্ঘ নিবেদন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। দক্ষিণেশ্বর কালী মন্দিরের অছি পরিষদ এর উদ্যোগে সকালে মধ্য কলকাতার কার্জন পার্কে রানী রাসমণির মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধার্ঘ নিবেদন করা হবে।

এই উপলক্ষে জি পি ও তে পশ্চিম বঙ্গ সার্কেলের চীফ পোস্ট মাস্টার জেনারেল নীরজ কুমার, রানী রাসমণি কে নিয়ে একটি স্পেশাল কভার উন্মোচন করবেন। আগামীকাল বিকেলে লোকমাতার সম্মানে রৌপ্য মুদ্রা প্রকাশ করবেন ভারতীয় টাঁকশাল এর জেনারেল ম্যানেজার গোরাখ নাথ যাদব। সেই সঙ্গে থাকছে গুণীজন সম্বর্ধনা।

সোমবার আবুল কালাম আজাদ ইনসিটিউট এ রানী রাসমণির প্রতিকৃতির আবরণ উন্মোচন করা হবে। পয়লা অক্টোবর ভারতীয় জাদুঘরে ও তার প্রতিকৃতির আবরণ উন্মোচন করবেন সংস্থার ডেপুটি ডিরেক্টর ডষ্ট্র সায়ন ভট্টাচার্য।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার হাত ধরেই দেশে সেমিকন্ডাক্টর বিপ্লব শুরু হতে চলেছে। এই শিল্পই বাংলাকে বিশ্ব মানচিত্রে নতুন জায়গা তৈরি করে দেবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আশা প্রকাশ করেছেন।

এক্স হ্যান্ডলে আজ ওই প্রকল্পের জন্য আমেরিকা সরকার এবং বিনিয়োগকারী মার্কিন সংস্থাকে কৃতজ্ঞতা জানিয়েছেন তিনি।

মুখ্যমন্ত্রী লিখেছেন, রাজ্যে নতুন প্রযুক্তি এবং বিনিয়োগ আনার জন্য সরকারের নিরলস প্রয়াসের ফলেই আমেরিকা থেকে গুরুত্বপূর্ণ বিনিয়োগের প্রস্তাব এসেছে। এতে রাজ্যের দক্ষতা এবং ক্ষমতাই প্রকাশ পায়।

জাতীয় নিরাপত্তার ক্ষেত্রেও প্রস্তাবিত সেমিকন্ডাক্টর কারখানা দারুণ কার্যকর হতে চলেছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০

আবেদনপত্র বিলির মধ্য দিয়ে কলকাতায় দুর্গাপূজার প্রতিযোগিতামূলক পুরস্কার কলকাতাশ্রী র সূচনা হলো গতকাল। কলকাতা পুরসভা ও CESC র যৌথ উদ্যোগে পুর ভবনের সামনে এই উপলক্ষে এক অনুষ্ঠানে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, কলকাতা পুরসভার মেয়ের ফিরহাদ হাকিম বলেন, আর জি কর করের ঘটনা সকলকে ব্যবিত করেছে। এই ঘটনায় দোষী নিশ্চিত দৃষ্টান্তমূলক শাস্তি পাবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

এই উপলক্ষে কলকাতাশ্রী শারদ সম্মানের একটি Tableau-রও আনুষ্ঠানিক সূচনা করেন ফিরহাদ হাকিম। এই Tableau কলকাতা পুরসভার সব ওয়ার্ডে ঘুরে ঘুরে কলকাতা শ্রী শারদ সম্মানের প্রচার চালাবে।

০০০০০০০০০০০০০০০০

ব্যাঙালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, ব্যাঙালুরু এফসির মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই দুটি করে ম্যাচ খেলেছে। ব্যাঙালুরু ৬ পয়েন্ট, মোহনবাগান ৪ পয়েন্ট সংগ্রহ করেছে।

এদিকে, সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গণে গত সন্ধ্যায় আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল এফ সি গোয়ার কাছে ২-৩ গোলে পরাজিত হয়েছে। গোয়ার হয়ে বোরজা হেরেরা হ্যাট্রিক করেন ১৩, ২০ ও ৭১ মিনিটে। ইস্টবেঙ্গলের হয়ে ম্যাচের ২৯ মিনিটে পেনাল্টি থেকে প্রথম গোল করেন মাদিহ তালাল। ৮৫ মিনিটে দ্বিতীয় গোল করেন ডেভিড লালহানসাঙ্গ।

এবারের আইএসএলে এখনো পর্যন্ত তাদের তিনটি ম্যাচেই পরাজিত হলো লাল হলুদ। সমসংখ্যক ম্যাচ খেলে এবারের আই এস এলে প্রথম জয় পেলো গোয়া।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০